04 JAN 1991
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক বাংলা

## প্রধান শিক্ষকদের পদোন্নতি

দেশের সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এখনো বেশ কিছু সংখ্যক যোগ্য ও অভিজ্ঞ সিইন্‌এড পাসসহ স্নাতক ডিগ্রীধারী প্রধান শিক্ষক কর্মরত আছেন— যাদের চাকরিকাল পনেরো থেকে বিশ বছর। ১৯৮৩, ৮৪ই সনে উক্ত যোগ্যতাসম্পন্ন কিছু সংখ্যক প্রধান শিক্ষককে "সহকারী উপজেলা শিক্ষা অফিসার" পদে বিভাগীয় পদোন্নতি দেয়া হয়েছে। বিশ্বস্ত সূত্রে জানা গেছে, ইতিপূর্বে কিছু সংখ্যক সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসার হিসাবে পদোন্নতি দেয়া হয়েছে। এখানে উল্লেখ্য যে, ইতিমধ্যে সহকারী প্রধান ও প্রধান শিক্ষক পদে প্রবীণতার ভিত্তিতে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে শূন্য পদগুলি পূরণের বিধি সম্মত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু প্রধান শিক্ষকদের পদোন্নতির ব্যাপারে আজ পর্যন্ত কোন বাস্তব পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এটা দুঃখজনক। আমরা আশা করবো চাকরির বিধি অনুসারে প্রধান শিক্ষকদের বিভাগীয় পদোন্নতির মাধ্যমে "সহকারী উপজেলা শিক্ষা অফিসার পদে পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা আশু গ্রহণ করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ ও শিক্ষা বিষয়ক উপদেষ্টা মহোদয়ের কৃপাদৃষ্ট আকর্ষণ করছি।

আ ফ ম ইব্রাহিম
মিজান রোড, ফেনী।
পো ঃ কোড নং-১৯০০।